



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডে ঈদ উপহার বিতরণকালে মেয়র

ঈদ যাতায়তের কারণে কোনভাবেই সংক্রমণ

যেন না বাড়ে সেজন্য সতর্ক থাকতে হবে

চট্টগ্রাম-০৮ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, মুসলিম ধর্মাবলম্বীদের শ্রেষ্ঠতম ধর্ম-কর্ম মাহে রমজান। সংযম ও সিয়াম সাধনা এবং নামাজে পরিপূর্ণ করে হুদয়-মন-অস্তর। করোনাকালের দুর্বিপাক মোকাবেলা করে স্বাভাবিক জীবনে যাতে ফিরে যেতে পারি সেই প্রত্যাশা করি। তিনি আরো বলেন, দেশে করোনা সংক্রমণ অনেকটা নিম্নমুখী। শনাক্তের হার ৯ শতাংশের নিচে নেমে এসেছে। সরকারের চলমান বিধি-নিষেধের কারণে সংক্রমণ ও মৃত্যু কমেছে। তাই ঈদকে সামনে রেখে যাতায়তের কারণে যাতে কোনভাবেই সংক্রমণ না বাড়ে এ জন্য সরকারি ব্যবস্থা পুরোপুরি মেনে চলতে হবে। তিনি আজ শনিবার দুপুরে ৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডের নেছারীয়া আলীয়া মাদ্রাসা মাঠে কর্মহীন ও গরীব জনগণের কাছে ঈদ উপহার সামগ্রী তুলে দিতে গিয়ে এই আহ্বান জানান। ওয়ার্ড কাউন্সিলর মো. জহুরুল আলম জসিমের সভাপতিত্বে বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, আকবর শাহ, আওয়ামী লীগ নেতা এরশাদ মামুন, মো. আলতাফ হোসেন, পাহাড়তলী আওয়ামী লীগ নেতা মো. হোসেন মাসুম, শামিম আহমদ সুমন, শ্রমিক লীগ নেতা মো. গিয়াস উদ্দীন, মো. হোসেন ও পাহাড়তলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হাসান ঈমাম, মুক্তিযোদ্ধা হারুন গফুর ভূইয়া, জাহাঙ্গীর আলম, রিয়াজুল ইসলাম চৌধুরী, মো. ফয়েজ, মো. জসিম উদ্দীন প্রমুখ।

তিনি আরো বলেন, গত বৃহস্পতিবার এক বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঈদুল ফিতর নিজ নিজ অবস্থানে থেকে উদযাপন করতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, জীবন সবার আগে। যে যেখানে আছেন, সেখানেই ঈদ উদযাপন করবেন। সচেতন মানুষ করোনা সংক্রমণ প্রতিরোধে প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দেবেন বলে প্রত্যাশা করেন।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

পূর্ব মাদারবাড়ী ওয়ার্ডে ইফতার ও সেহেরী সামগ্রী বিতরণকালে মেয়র

স্বাভাবিক অবস্থা ফিরে না আসা পর্যন্ত মাস্ক ব্যবহার জরুরী

চট্টগ্রাম-০৮ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, পবিত্র রমজান মাস শেষ হবার আর মাত্র কয়েকটি দিন বাকি। এখনই হিসাব মিলাতে হবে। বিশ্বজনীন এ ক্ষমা ও পূণ্য লাভের মাসে আমাদের সংগ্রহ কতটুকু? খোদার কাছ থেকে কি নিজেকে মাফ করিয়ে নিতে পেরেছি? বিজ্ঞানীদের আশংকা এই অঞ্চল মহামারির কেন্দ্রবিন্দুতে থাকতে পারে দীর্ঘদিন। তাই স্বাভাবিক জীবনযাপন করার কোন সুযোগ নেই। তিনি করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে মাস্ক ব্যবহার জরুরী এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে চলতে আহ্বান জানান। তিনি আজ শনিবার দুপুরে ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ডে ইফতার ও সেহেরী সামগ্রী উপহার দিতে গিয়ে এসব কথা বলেন। মাদারবাড়ী ওয়ার্ডের আওয়ামী লীগের সভাপতি জহির আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, কাউন্সিলর আতাউল্লাহ চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর নিলু নাগ, ওয়ার্ড আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সালাউদ্দীন ইবনে আহমদ, সহ-সভাপতি মুজিবুল হক পেয়ার, সংস্কৃতি সংগঠক দেওয়ান মাকসুদ, সদরঘাট ভারপ্রাপ্ত কর্মকর্তা সাখাওয়াত হোসেন, আওয়ামী লীগ নেতা জাফর আহমদ, মাহাফুজুর রহমান, ফরিদ আহমদ, হাজী আবদুল মালেক, হাজী নাসিম, গোপাল চন্দ্র দাশ, মনিকা ভট্টাচার্য, শাহেদ ইফতেখার, ফয়সাল সাকিব, শাহরিয়ার হাসান প্রমুখ।

তিনি আরো বলেন, প্রাস্তিক দরিদ্র শ্রেণীর মানুষকে প্রধানমন্ত্রীর তহবিল থেকে নানাভাবে প্রনোদনা দেয়া হচ্ছে। তবুও সংকট মোকাবেলায় বিত্তবানদের এগিয়ে আসতে হবে বলে অভিমত ব্যক্ত করেন।

২৮নং পাঠানটুলী ওয়ার্ডে ত্রাণ বিতরণকালে মেয়র

দুযোগ-মহামারী মোকাবেলায় আওয়ামীলীগ জনগণের পাশে থাকে

চট্টগ্রাম-০৮ মে'২০২১খিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সরকারের বিভিন্ন-কর্মসূচী নিয়ে বিরোধী দলগুলোর মধ্যে যারা সমালোচনা করছেন তারা নিজেরা কতজনকে সাহায্য করেছেন সেই হিসাব জনগণের আছে। মহামারীর এই দুঃসময়ে মানুষের পাশে তাদের তো দেখাই যায় না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঈদ উপহার হিসেবে ৩৬লাখ নিম্ন আয়ের মানুষকে আড়াই হাজার টাকা করে সহায়তা দিচ্ছে। তিনি আওয়ামী লীগ ও তার অঙ্গ-সংগঠনগুলোর নেতাকর্মীদের দুযোগ মোকাবেলায় জনগণের পাশে থাকার আহ্বান জানান। আজ শনিবার বিকেলে ২৮নং পাঠানটুলী ওয়ার্ডে ত্রাণ বিতরণকালে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন। ওয়ার্ড কাউন্সিলর নজরুল ইসলাম বাহাদুরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, মো. সেলিম মাহামুদ, ইলিয়াছ সর্দার, বেলাল হোসেন, জামাল সর্দার, আব্বাস দোভাষ, শওকত সরকার, ফরিদ মেম্বার, মো. ইলিয়াছ, আলী মেম্বার, আব্দুস শুক্কুর প্রমুখ।

তিনি আরো বলেন, চট্টগ্রামকে আন্তর্জাতিক মানের আধুনিক ও যুগোপযোগী নগরী হিসেবে সাজাতে চাই। এ ক্ষেত্রে সকল শ্রেণী-পেশার মানুষের পরামর্শ গ্রহণ করবো। তাদের ভালো পরামর্শ কাজে লাগিয়ে আগামী পাঁচ বছরে নগরবাসীর প্রত্যাশা পূরণের চেষ্টা করবো।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন,

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩